



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
(প্রশাসন অধিশাখা-২)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের জন্য
ইনোভেশন টিমের জুন/২০২২ মাসের (৪র্থ ত্রৈমাসিক সভা) সভার কার্যবিবরণী

সভাপতি: শামিমা বেগম
যুগ্মসচিব ও সভাপতি, ইনোভেশন টিম
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সভার তারিখ: ২৮/০৪/২০২২ সময়: সকাল ১১-০০ টা
সভার স্থান: মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট ক


সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় জানানো হয় যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতাধীন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব জনাব মোছা: মোহিছিনা আকতার বানু পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচকসমূহের ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়নের অগ্রগতি নিয়ে পর্যালোচনা উপস্থাপন করেন (পরিশিষ্ট-খ)।

২। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচকসমূহের ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। সভার সদস্যবৃন্দ ৪র্থ ত্রৈমাসিকের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করেন। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচকসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রমানকসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করার বিষয়ে গুরুত্ব প্রদানের জন্যও সদস্যবৃন্দ তাদের মতামত ব্যক্ত করেন।

৩। অতঃপর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

- (ক) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (প্রমানকসহ) যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
(খ) কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



শামিমা বেগম
যুগ্মসচিব ও
সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বরঃ ২২.০০.০০০০.০৫২.১৬.০০৪.১৯.৩২৬

তারিখঃ ২৯/০৬/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
(দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, ই- গভর্নেন্স-২ অধিশাখা)
- ২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ৭৩, মতিঝিল, ঢাকা
- ৭। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা
- ৮। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৯। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম
- ১০। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১১। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)


২৯.০৬.২০২২
মোহা: মোহিন্দী আকতার বানু
সিনিয়র সহকারী সচিব